ঝিনাইদহে আবাসিক হোটেল থেকে যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

ঝিনাইদহে রেডিয়েশন নামে একটি আবাসিক হোটেল থেকে ইন্দ্রজিৎ দেবনাথ নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

গত মঙ্গলবার রাতে তার মরদেহ উদ্ধার করা হয়। সে কুষ্টিয়ার মিরপুর উপজেলার বেলগাছি গ্রামের শুসেন দেবনাথের ছেলে।

আবাসিক হোটেলের ম্যানেজার শাহিনুর রহমান জানান, গত ২৭ সেপ্টেম্বর ইন্দ্রিজিৎ নামের এক যুবক ব্যবসায়ীক কারণে হোটেলে ছিট বুকিং নিয়ে থাকতে শুরু করে।

প্রতিদিনের ন্যায় গেল রাত ১০ টার দিকে তার কাছে ভাড়ার টাকা আনতে যায়। সেসময় তার রুমের দরজা ভিতর থেকে বন্ধ দেখে ডাকাডাকি করতে থাকে। অনেক সময় ধরে ভিতর থেকে কোন সাড়া শব্দ না পেয়ে পুলিশকে খবর দেয়। পরে পুলিশ এসে রাতেই দরজা ভেঙ্গে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদরে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার জানান, লাশ ময়নাতদন্তের জন্য বুধবার সকালে ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট আসলে জানা যাবে এটি হত্যা না আত্মহত্যা ।

সরকারি চাল আত্মসাত, ইউপি চেয়ারম্যান বরখাস্ত

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চাপড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনির হাসান রিন্টুকে সরকারি চাল আত্মসাতের দায়ে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

গতকাল বুধবার কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিবুল ইসলাম

(ইউএনও) এ তথ্য নিশ্চিত করেন।

মঙ্গলবার স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত একটি চিঠি তিনি পেয়েছেন বলেও তিনি জানান।

মনির হাসান রিন্টু কুমারখালী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০১৮ সালের জুন মাসে চাপড়া ইউপির চেয়ারম্যান মনির হাসান রিন্টুর বিরুদ্ধে ২৪৯ বস্তা (৭.৪৭০ মে টন) সরকারি চাল (ভিজিডি) আত্মসাতের অভিযোগ ওঠে।

ঘটনাটি প্রকাশ্যে আসার পর বিষয়টি তদন্ত করা হয়। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের চিঠিতে বলা হয়েছে, তদন্তে রিন্টুর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হচ্ছে।

মুজিবনগরে রামনগর ফুটবল টুর্নামেন্টে নাজিরাকোনা একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর জনকল্যান যুব সমিতির উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৫ম তম খেলায় নাজিরাকোন একাদশ জয়লাভ করেছে।

গতকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত খেলায় নাজিরাকোনা একাদশ ২-১ গোলে রতনপুর একাদশকে পরাজিত করে।

বিজয় দলের পক্ষে দলীয় ৭ নং জার্সি পরিহিত সোহাগ ১ গোল এবং ১০ নং জার্সি পরিহিত শাকিল ১টি গোল করেন এবং বিজিত দলের লিংকন ১ টি গোল পরিশোধ করেন।বিজয়ী দলের গোলকিপার ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হন।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক

রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন, সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন বাফুফের তৃতীয় শ্রেণীর রেফারি সোহেল রানা সহকারি হিসাবে ছিলেন রাসেল এবং জাহাঙ্গীর। ধারা ভাষ্যকার হিসাবে ছিলেন শামিম শিশির।

আগামী বৃহস্পতিবার খেলায় ফারুক লাইব্রেরি এন্ড বল্লভপুর মর্নিং একাদশ বনাম যতারপুর একাদশের খেলা অনুষ্ঠিত হবে।

আলমডাঙ্গায় ধর্ষনের প্রতিবাদে বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীদের মানববন্ধন

দেশের বিভিন্ন স্থানে লাগামহীম ধর্ষনের প্রতিবাদে ‘পাবলিক ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন অব আলমডাঙ্গা উপজেলা’ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে।

গতকাল বুধবার আলমডাঙ্গার আল তায়েবা মোড়ে বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থী ও সাধারন জনগণ মানববন্ধনে অংশ নেন। সমাবেশে প্রতিবাদি বক্তারা ধর্ষনে অভিযুক্ত ধর্ষকদের সর্বোচ্চ শাস্তির বিধান রেখে আইন প্রনয়নেরও আহবান জানান।

ধর্ষনের প্রতিবাদে ‘পাবলিক ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন অব আলমডাঙ্গা উপজেলা’ মানববন্ধনের আয়োজন করলেও এতে সব ধরনের শিক্ষক-শিক্ষার্থী ও সাধারন জনগণ অংশ নিয়ে প্রতিবাদ মুখর হয়ে ওঠেন। তারা ধর্ষনে জড়িত ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি প্রদানের ব্যবস্থা করতে সরকারের প্রতি আহবান জানান। প্রয়োজনে ধর্ষকদের শাস্তি যাবজ্জীবন থেকে বাড়িয়ে মৃত্যুদন্ডের বিধান রেখে আইন পাশ করারও আহবান জানান।

মানবন্ধনে অংশ নেন আলমডাঙ্গা উপজেলা ভাইস চেয়ারম্যান ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র এ্যাডভোকেট সালমুন আহমেদ ডন, বাদল

স্মৃতি একাডেমীর প্রধান শিক্ষক সুরুল ইসলাম দীপু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাঈম হাসান অয়ন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সজল আহমেদ টগর, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাহিদ তমাল রোমান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সাইফুল ইসলাম সাফি, সাস্টেও ছাত্র আকিব লাম, আসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সুমাইয়া তাবাস্সুম তিয়া, ব্রাইট মডেল স্কুলের পরিচালক জাকারিয়া হিরো, আনিসুজ্জামান রিমন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মুসাব ইবনে শাফায়াত।

স্বামীহারা নীলা বেগম আর কত বয়স হলে পাবে বয়স্ক ভাতা

আর কত বয়স হলে বয়স্ক ভাতা পাবে শৈলকুপার নিলা বেগম।

শৈলকুপা উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের খন্দকবাড়িয়া গ্রামের নিলা বেগম (৮০) আর কত বয়স হলে বয়স্ক ভাতার তালিকায় নাম উঠবে।

অসহায় নিলা বেগম বসবাস করেন একই গ্রামের অবসর প্রাপ্ত শিক্ষক আমানুল্লাহ ঘরের বারান্দায়। স্বামী যাবেদ মন্ডল স্বাধীনতা যুদ্ধের আগে মৃত্যু বরণ করেন।
দীর্ঘদিন অন্যের গৃহকর্মীর কাজ করে নিজের ভরণপোষণ যোগাতেন কিন্তু এখন বয়সের ভারে জরাজীর্ণ অবস্থায় । ৮০বছর বয়সি স্বামীহারা নীলার খবর কেউ আর এখন সেভাবে রাখেনা অন্যের বাড়িতে কাজ করে খাবে সে পরিস্থিতি এখন আর নেই তার।

অসহায় বৃদ্ধা অবস্থায় পড়ে আছে চিকিৎসারও প্রয়োজন তার চিকিৎসা করার মত টাকাও যে তার নাই। বয়সের ভারে চলাচল করতে তার কষ্ট হচ্ছে। প্রতিদিনের খাবার এখন আর প্রতিদিন জুটাতে পারছেনা স্বভাবতই অনেক দিনই তার না খেয়ে কাটছে।

জীবননগরে সুপেয় বিশুদ্ধ পানির প্লান্ট স্থাপনের উদ্বোধন

জীবননগরে আর্সেনিক ও আয়রণ মুক্তকরণ প্লান্ট স্থাপনের উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আর্সেনিক ও আয়রণ মুক্তকরণ প্লান্ট স্থাপনের উদ্বোধন করা হয়।

ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশের আয়োজনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিদ্যালয়ের শিক্ষকও ছাত্রীদের সুপেয় বিশুদ্ধ পানির প্লান্ট স্থাপনের উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, ইম্প্যাক্ট ফাউন্ডেশনের প্রশাসক ডা. শফিউল কবির, প্রজেক্ট ম্যানেজার মিজানুর রহমান, কোঅডিনেশন ম্যানেজার রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা ম্যানেজার মাসুদ হোসেন, দামুড়হুদা উপজেলা ম্যানেজার হাবিবুর রহমান, জীবননগর ফিল্ট অর্গানাইজার রাজন আহম্মেদ, দামুড়হুদা ফিল্ট অর্গানাইজার জেসমিনা খাতুন, জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক যাদব কুমার প্রমাণিক প্রমুখ।
অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন বিদ্যালয়ের শিক্ষক সালাউদ্দিন কবির।

জীবননগরে সেচ্ছাশ্রমে নির্মিত

সাঁকো উদ্বোধন করলেন পুলিশ সুপার

জীবননগরে সেচ্ছাশ্রমে নির্মিত মিত্রতা বাঁশের তৈরি সাকো উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৫টার সময় দত্তনগর রোডের শাপলাকলি পাড়ায় জীবননগর সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বীল এর সদস্যদের সেচ্ছাশ্রমে সাধারন মানুষের যাতায়াতের জন্য নির্মিত মিত্রতা বাঁশের সাকো উদ্বোধন করা হয়েছে।

জীবননগর ইয়ুথ এ্যাসেম্বীল এর সভাপতি মিঠুন মাহমুদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মিত্রতা বাঁশের সাকো উদ্বোধন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

তিনি বলেন, আজকের যুবকরাই আগামী দিনের ভবিষ্যৎ, মাদক মুক্ত সমাজ গঠন করতে যুবকদের কোন বিকল্প নেই। সমাজে ছোট ছোট ভালো কাজ করলেও অনেকে উপকৃত হবে। অসহায় মানুষের পাশে থাকা, সচেতনমূলক আলোচনা করা একটি মহতী উদ্যোগ। সমাজে ভালো কাজ করতে গেলে অনেক বাধা বিপত্তি আসবে, সেগুলো পিছনে ফেলে সামনের দিকে এগিয়ে যেয়ে কাজটি সফল করাই মুল লক্ষ থাকতে হবে। ভালো কাজে সব সময় পাশে আছি এবং থাকবো।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ওসি তদন্ত ফৈরদৌস ওয়াহিদ, জীবননগর থানার ওসি অপারেশন মোল্লা সেলিম, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি মুন্সী নাসির উদ্দিন, মাজেদুল ইসলাম মিল্টন, মফিজুল ইসলাম সহ উপস্থিত ছিলেন ইয়ুথ এ্যাসেম্বীল এর সদস্য স্বর্ণা, লাবনী, তুহিন, ঐশ্বর্য সাহা প্রিয়া, সাদিয়া, নিশান, রমজান, সেলিম, বাপ্পি, মিম, প্লাবন প্রমুখ।

মেহেরপুরে ধর্ষকদের গ্রেফতার ও বিচারের দাবিতে আলোক প্রজ্জ্বলন

নোয়াখালীর নারী নির্যাতনের ঘটনা সহ সকল ধর্ষণ নিপীড়নের ঘটনায় সম্পৃক্ত পৃষ্ঠপোষকদের দ্রুত গ্রেপ্তার বিচার এবং নারীর প্রতি সহিংসতা অবসানের দাবিতে মেহেরপুর জেলা শাখা ছাত্রলীগের আয়োজনে আলোক প্রজ্জ্বলন কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর সিটি ব্যাংকের সামনে জেলা ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি কুদরত-ই-খুদা রুবেল এর নেতৃত্বে এই আলোক প্রজ্জ্বলন কর্মসূচি পালিত হয়।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, শহর ছাত্রলীগের সাবেক সভাপতি মাহফুজুর রহমান পলেন, কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারী ও সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু মোরশেদ সোভন সরকার সহ ছাত্রলীগ নেতা গোলাম রাজিব, মীরাজ, সাইদ, সান, সাব্বির রুদ্র, নাসিম, বাপ্পা, আকাশ প্রমুখ।

অপরদিকে, নোয়াখালী নারী নির্যাতনের ঘটনা সহ সকল ধর্ষণ নিপীড়নের ঘটনায় সম্পৃক্তও বিচার এবং নারীর প্রতি সহিংসতার স্থায়ী অবসানের দাবিতে মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে মোমবাতি প্রজ্বলন, বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সামনে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।

এসময় বিক্ষোভ মিছিল টি মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সমনে থেকে থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির মোড়ে গিয়ে শেষ হয়।

এসময় মানববন্ধনে বক্তব্য রাখেন, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলকারনাইন, সদর থানা ছাত্রলীগের সভাপতি বাইজিদ সহ অন্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন

পিরোজপুর ছাত্রলীগের সাধারণ সম্পাদ প্রতিক, মহাজনপুর ছাত্রলীগের সভাপতি ইমন, তুষার, আরিফুল, তানমুন প্রমুখ।

জীবননগর হাসাদাহে ধর্ষণ ও নারী নির্যাতনের প্রতিবাদে বিভিন্ন সংগঠনের মানববন্ধন

সারা দেশে চলমান ধর্ষণ ও নারী নির্যাতনের প্রতিবাদে জীবননগর হাসাদাহে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

স্বেচ্ছাসেবী সংগঠন ‘সহযাত্রী’-সহ বিভিন্ন সংগঠনের উদ্যোগে গতকাল বুধবার সন্ধ্যা সাতটায় হাসাদাহ বাসস্ট্যান্ডে এ মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

হাসাদাহ ইউনিয়ন যুবলীগের সভাপতি সাবেক ইউপি সদস্য জুম্মাত আলী মন্ডলের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য দেন হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ও জাতীয় সাংবাদিক সংস্থা খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক মতিয়ার রহমান।

মানববন্ধনে অংশ নেন ৫ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শুকুর আলী, আওয়ামী লীগ নেতা মাহবুব আলম, হাসাদাহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সাংগঠনিক স¤পাদক বদরুজ্জামান শ্যামল, প্রচার ও প্রকাশনা স¤পাদক আল-আমিন।

‘সহযাত্রী’ সংগঠনের পক্ষে সহ-সভাপতি তানজিনা আক্তার, সাধারণ সম্পাদক সাব্বির হোসেন সোহাগ, সাংগঠনিক সম্পাদক আল মামুন, শিশু বিষয়ক সম্পাদক আকিমুল ইসলাম, সদস্য সচিব আজিজুল হাকিম তাজু, ক্রীড়া বিষয়ক সম্পাদক নাহিদুজ্জামান, সাংস্কৃতিক সম্পাদক মেহেদী হাসান, সদস্য শীলন, দিগন্ত, সাইদুর, জিহাদ, রাশেদুল, শাকিল প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও এ কর্মসূচির সাথে একাত্মতা প্রকাশ করে মানববন্ধনে সাধারণ জনগণ অংশ নেন। মানববন্ধন শেষে সংগঠনের সদস্যরা মোমাবাতি

জ্বালিয়ে ধর্ষকদের ফাঁসির দাবিতে হাসাদাহ বাজারে বিক্ষোভ মিছিল বের করে।

মানববন্ধনে বক্তারা বলেন, দেশে গণধর্ষণ ও নারী নির্যাতন বেড়েই চলেছে। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি না হওয়ায় অপরাধ ক্রমেই বাড়ছে। আমরা দোষীদের আইনের আওতায় এনে কঠিন শাস্তির জন্য সরকারের কাছে দাবি জানাচ্ছি।

হরিণাকুণ্ডুতে প্লাষ্টিক মোড়ক ব্যবহারের দায়ে চার ব্যবসায়ীর জরিমানা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পাটজাত মোড়কে বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এর ১৪ ধারায় চার ব্যবসায়ীকে ১১ হাজার টাকা নগদ জরিমানা আদায় করলেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইউএনও সৈয়দা নাফিস সুলতানা ।

গত মঙ্গলবার বিকালে ও গতকাল বুধবার সকালে তিনি উপজেলার বেল্টু মোড় ও পার্বতীপূর বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় ধান চাউল ব্যবসায়ী মসলেম উদ্দীনকে ৩ হাজার, ফজলুর রহমানকে ২ হাজার, মুদী দোকানী মঙ্গল সাধুখাকে ৩ হাজার এবং সুকুমার সরকারকে ৩ হাজার সর্বমোট ১১ হাজার টাকা নগদ জরিমানা আদায় করেন ।

এসময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পাট কর্মকর্তা এ,কে,জেড বারীউল্লাহ, এছাড়াও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কাজে থানা পুলিশের সদস্যরা সহায়তা করেন।